

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ১৮/০২/২০২০

মুজিব জন্ম শত বর্ষেই যৌন নিপিড়ন নিরোধ পূর্ণাঙ্গ আইন পাশ করা হোক

-শিরীন আখতার এমপি

‘কর্মক্ষেত্রে সকল প্রকার সহিংসতা ও যৌন হয়রানী বন্ধে ২০০৯ সালের হাইকোর্টের আদেশ বাস্তবায়ন এবং আইএলও কনভেনশন ১৯০ এর ভূমিকা’ শীর্ষক সেমিনার ১৮ ফেব্রুয়ারি ২০২০, মঙ্গলবার; সকাল ১০ টায় জাতীয় প্রেস ক্লাব (তোফাজ্জল হোসেন মানিক মিয়া হল) রুমে অনুষ্ঠিত হয়।

সেমিনারে সভাপতিত্ব করেন কর্মজীবী নারী’র সভাপতি ড. প্রতিমা পাল মজুমদার। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিরীন আখতার এমপি, সদস্য, প্রাথমিক ও গণ শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি এবং প্রতিষ্ঠাতা সভাপতি, কর্মজীবী নারী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দিল আফরোজা বেগম, উপ-সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বনশ্রী মিত্র নিয়োগী, জেডার এ্যাডভাইজার, মানুষের জন্য ফাউন্ডেশন। শুভেচ্ছা বক্তব্য রাখেন কর্মজীবী নারী’র নির্বাহী পরিচালক রোকেয়া রফিক।

এছাড়াও উক্ত অনুষ্ঠানে সরকারি ও বেসরকারির বিভিন্ন প্রতিষ্ঠানসহ, মানবাধিকার, ট্রেড ইউনিয়ন ও নারী শ্রমিক অধিকার বিষয়ে কর্মরত প্রতিষ্ঠানগুলোর প্রতিনিধি উপস্থিত ছিলেন এবং বক্তব্য রাখেন।

সেমিনারের প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, বর্তমান সরকার আইএলও- ১৯ অনুসমর্থন এখনো করেনি বটে, তবে কর্মক্ষেত্রে যৌন সহিংসতা নিরোধে হাইকোর্ট নির্দেশনা ২০০৯ পূর্ণাঙ্গ আইন প্রণয়নে সরকার কাজ করে যাচ্ছে। তিনি সরকারের প্রতি আহ্বান জানান, এই মুজিব জন্ম শত বর্ষেই যৌন নিপিড়ন নিরোধ পূর্ণাঙ্গ আইন পাশ করা হোক।

বার্তা প্রেরক-

আল- জাহিদ
প্রজেক্ট অফিসার
কর্মজীবী নারী
০১৬৮৬১৬০৬২৯